

বিনোদন

সামান্য মঞ্চরায় ফাঁসলেন নোরা ফাতেহি, খেলেন ৪ কোটি টাকার মামলা

প্রতিবেদক: বিনোদন ডেস্ক

প্রকাশের তারিখ: বৃহস্পতিবার, ১০ সেপ্টেম্বর ২০২৬, ০৭:২৬ AM



বিমানে বসে সেটিকে নিয়ে বিদ্রপাত্মক পোস্ট করায় আইনি ঝামেলায় পড়েছেন বলিউড অভিনেত্রী নোরা ফাতেহি। তার বিরুদ্ধে তিন কোটি রুপির (বাংলাদেশি মুদ্রায় ৩ কোটি ৯০ লাখ টাকা) দেওয়ানি মানহানি মামলা করেছে ভারতীয় অ্যাভিজেশন প্রতিষ্ঠান ডিউনস অ্যাভিজেশন। প্রতিষ্ঠানটির অভিযোগ, নোরার ওই পোস্টের পর চার্টার্ড বিমানের বুকিং কমার পাশাপাশি একাধিক ফ্লাইট বাতিল হয়েছে।

সংবাদমাধ্যমের প্রতিবেদন থেকে জানা গেছে, গত বছর ডিসেম্বরে মুম্বাই থেকে জয়পুর যাওয়ার সময় ডিউনস অ্যাভিজেশনের সিএসএনএ সাইটেশন সিজে২ চার্টার্ড বিমানে সফর করেছেন নোরা। সফরের সময় বিমানের ভেতরের কিছু দৃশ্য ভিডিও ধারণ করেন। যা পরবর্তীতে ইনস্টাগ্রাম হ্যাণ্ডলে পোস্ট করে বিমানটিকে ‘ক্ষুদ্রাকৃতি’, ‘খেলনা’ ও ‘লোগো এয়ারপ্লেন’ বলে বিদ্রপ করেন তিনি।

এ ঘটনায় চলতি বছরের এপ্রিলে মামলা করা হয়। নোরার বিরুদ্ধে দায়েরকৃত মামলায় বিমান সংস্থা দাবি করেছে, নোরার দায়িত্বজ্ঞানহীন ও বিভ্রান্তিকর বক্তব্যের কারণে সাধারণ গ্রাহকদের মধ্যে ভুল বার্তা ছড়িয়ে পড়েছে। প্রযুক্তিগত কোনো জ্ঞান বা সত্যতা যাচাই ছাড়াই তার এমন মন্তব্যের কারণে চার্টার্ড বিমানের বুকিং ১৫ থেকে ২০ শতাংশ পর্যন্ত কমে গেছে এবং একাধিক ফ্লাইট বাতিল হয়েছে।

ডিউনস অ্যাভিয়েশন জানিয়েছে, নোরার সফরের জন্য বিমানটি যথেষ্ট উপযুক্ত ও স্ট্যান্ডার্ড ছিল। বিমানটি ডিরেক্টরেট জেনারেল অব সিভিল অ্যাভিয়েশন দ্বারা অনুমোদিত, ওড়ানোর উপযোগী এবং আইন অনুযায়ী পরিচালিত হচ্ছে।

এছাড়া অ্যাভিয়েশন সংস্থাটি আবেদন জানিয়েছে, নোরার কারণে ক্ষতি হওয়ায় এখন ৩ কোটি রুপির আর্থিক ক্ষতিপূরণ প্রদান করতে হবে। সোশ্যাল মিডিয়ায় তার পোস্ট করা বিতর্কিত ভিডিও এবং সব মন্তব্য দ্রুত মুছে ফেলতে হবে। একই সঙ্গে এ ব্যাপারে সঠিক তথ্য জানিয়ে বিষয়টি স্পষ্টীকরণ বা বক্তব্য প্রদান করতে হবে।

তবে এ ঘটনায় এখনো বলিউডের আইটেম গার্ল বা তার পক্ষ থেকে কোনো বক্তব্য পাওয়া যায়নি।

এ বিভাগের আরও খবর



একসময় গরিব ছেলে পছন্দ ছিল: প্রভা
অভিনেত্রী সাদিয়া জাহান প্রভাকে এখন পর্দায় কালেভদ্রে দেখা যায়। তবে সামাজিক যোগাযোগমাধ্যমে নিয়মিতই সরব তিনি। বিভিন্ন পোস্টের মাধ্যমে অনুসারীদের...



বিমানবন্দরে গ্রেপ্তার অপু বিশ্বাসের ঐশিকার ঐ নায়ক
হত্যা মামলায় চিত্রনায়ক মরতুজা পলাশ গ্রেপ্তারচাকা প্রতিনিধি বৈখম্যাবিরোধী ছাত্র আন্দোলনের সময় সংঘটিত একটি হত্যা মামলায় চিত্রনায়ক মরতুজা পলাশকে...



এক হাজার টাকায় শুরু, শেষটা নিঃস্ব হয়ে: জুয়া নিয়ে ভিডিও বানিয়ে প্রশংসায় চমক
এক হাজার টাকায় শুরু, শেষটা নিঃস্ব হয়ে! সহজে টাকা আয়ের রতিন যুগে অনলাইন জুয়ার ফাঁদে পড়েছিলেন শিহাব নামের এক
যুবক। হারানো টাকা ফেরত পাওয়ার...



ইতালিতে বাঁধনের ওপর হামলাকারী ৩ ব্যক্তি শনাক্ত
অভিনেত্রী আজমেরী হক বাঁধনের ওপর হামলা ও হেনস্তার ঘটনায় জড়িত কয়েকজনের পরিচয় পাওয়া গেছে। ভিডিও বিশ্লেষণ করে
তাদের মধ্যে শিপল মাহমুদ বিশ্বব, ইল...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/entertainment/samanj-mskray-fanslen-nora-fatehi-khelen-4-koti-takar-mamla>